

তথ্যবিবরণী

নম্বর-১০৯

## ময়মনসিংহে তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত

ময়মনসিংহ, (মঙ্গলবার, ০৬ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.)

তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচির অংশ হিসেবে প্রশিক্ষণ কর্মশালা মঙ্গলবার (৬ জানুয়ারি) ময়মনসিংহ জেলা প্রশাসন ও তথ্য কমিশন বাংলাদেশ এর আয়োজনে জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত হয়েছে।

ময়মনসিংহ জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরীর সভাপতিত্বে প্রশিক্ষণ কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ তথ্য কমিশনের প্রধান তথ্য কমিশনার ডক্টর আব্দুল মালেক। প্রশিক্ষণ কর্মশালায় তথ্য কমিশনার শহীদুল আলম ঝিনুক এবং মাসুদা ভাট্টি বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও ময়মনসিংহ বিভাগীয় ও জেলা পর্যায়ের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, সুশীল সমাজের প্রতিনিধি, গণমাধ্যমকর্মীগণ অংশগ্রহণ করেন।

বাংলাদেশ তথ্য অধিকার আইন, ২০০৯ কে একটি আধুনিক, অনন্য, সর্বজনীন ও অন্তর্ভুক্তিমূলক আইন বলে কর্মশালায় উল্লেখ করা হয়। বলা হয়, আইনটি প্রণয়নের মাধ্যমে জনগণের তথ্য চাওয়া, পাওয়া, প্রয়োজনীয় সকল তথ্যের সাবলীল প্রবেশের এবং এর প্রয়োগে উপকারভোগী হওয়ার আবশ্যিক ও আইনি স্বীকৃতি মিলেছে। তাদের ক্ষমতায়নের পথ রচিত হয়েছে, কর্তৃপক্ষের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, দুর্নীতি হ্রাস ও সুশাসন প্রতিষ্ঠার মাধ্যমে গণতন্ত্র বিকাশের পথ সুগম হয়েছে।

জনস্বার্থে প্রতিষ্ঠিত আইনটি বাস্তবায়নে গত এক যুগে যথেষ্ট ইতিবাচক পদক্ষেপ গৃহীত হয়েছে বলে কর্মশালায় জানান হয়। তথ্য কমিশন হতে মতবিনিময় সভা, সেমিনার, জেলা উপজেলা পর্যায়ের জনঅবহিতকরণ সভা, প্রশিক্ষণ কর্মসূচি ইত্যাদি কার্যক্রম অব্যাহত রয়েছে। এরই ধারাবাহিকতায় ময়মনসিংহ জেলার বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের দপ্তর প্রধানদের উপস্থিতিতে তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রধান তথ্য কমিশনার ডক্টর আব্দুল মালেক বলেন, রাষ্ট্র ব্যবস্থায় তথ্যের অবাধ প্রবাহ জনগণের কল্যাণ নিশ্চিত করে। তথ্য অধিকার আইন তথ্য গোপনের সংস্কৃতিকে সরিয়ে দিয়ে স্বচ্ছ ও নিরপেক্ষ তথ্য জানার বিষয়টি নিশ্চিত করে। এ সময় তিনি উপস্থিত বিভিন্ন দপ্তর প্রধানদের উদ্দেশ্যে বলেন, একটি সুশাসনভিত্তিক, দুর্নীতিমুক্ত ও জবাবদিহিতাপূর্ণ দেশ গড়ে তুলতে অবশ্যই তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে সকলকে অবগত থাকতে হবে। প্রত্যেকেই স্ব-প্রণোদিতভাবে তথ্য প্রকাশ ও প্রচার করতে হবে। দেশ ও জনকল্যাণের স্বার্থে এই আইনের ব্যাপারে জানতে হবে। এসময় তিনি বিভিন্ন দপ্তরের ওয়েবসাইট হালনাগাদকরণের উপর গুরুত্বারোপ করেন।

বিশেষ অতিথির বক্তব্যে মাসুদা ভাট্টি বলেন, বাংলাদেশে জনগণের তথ্যের অধিকার নিশ্চিত করতে এমন একটি আইন হবে-তা ভাবাই কঠিন ছিল। তিনি বলেন, প্রতিষ্ঠানের স্বচ্ছতা নিশ্চিত করা গেলে তথ্য প্রদানে বাধ্য করার প্রয়োজন পড়ে না, জনগণেরও তথ্য জানার প্রয়োজন পড়ে না। জনগণকে তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে, এটাই শেষ কথা।

বিশেষ অতিথি শহীদুল আলম ঝিনুক বলেন, এ আইনটি বলবৎকরণের জন্য উপজেলা থেকে ক্যাভিনেট পর্যন্ত কমিটি রয়েছে, যা দেশে একটা বিরল ঘটনা। ইচ্ছাকৃতভাবে তথ্য প্রদান না করলে কর্মকর্তাদের শাস্তির মুখোমুখী হতে হবে, এতে কর্মকর্তারা চাকরি জীবনে বিপদের ঝুঁকিতে পড়বেন।

অনুষ্ঠানে আলোচনায় তথ্য অধিকার আইনের গুরুত্ব এবং কার্যক্ষেত্রে এর বাস্তবায়নের বিভিন্ন দিক উঠে আসে। তথ্য অধিকার আইন বাস্তবায়নে এ সময় নিজ নিজ দপ্তরের কর্মসূচি সম্পর্কে দপ্তর প্রধানগণ আলোকপাত করেন। আঞ্চলিক তথ্য অফিস ময়মনসিংহের উপপ্রধান তথ্য অফিসার মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান তথ্য অধিকার আইন বাস্তবায়নে আঞ্চলিক তথ্য অফিসের বিভিন্ন কর্মকান্ড সম্পর্কে উপস্থিতিদের অবহিত করেন।

#

রেজভী/দেওয়ান/রিদওয়ান/মনির/হদা/২০২৪/১৫:৩০ ঘন্টা